

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-10-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ১৪৫২ জনকে শিক্ষক পদে ও ৭৪ জনকে সহকারী অধ্যাপক পদে নিয়োগপত্র প্রদান করেছেন।
- (২) রাজ্যে আজ 'সেবা কে রং, রাষ্ট্র কে সঙ্গ' কর্মসূচির আয়োজন করা হয়।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সাংস্কৃতিক বিনিময় এবং জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমেই দেশের সভ্যতার যাত্রা পূর্ণতা পেয়েছে।
- (৪) শারদ উৎসব উপলক্ষ্যে রেলের কর্মচারীদের ৭৮ দিনের বোনাস প্রদানে অনুমোদন কেন্দ্রীয় মন্ত্রিসভার।
- (৫) মেয়েদের অনূর্ধ্ব ১৯ টি-২০ ক্রিকেটে এবং ছেলেদের অনূর্ধ্ব ১৯ ভিনু মাঁকর ট্রফিতে ত্রিপুরা জয় পেয়েছে।

CM-Offer Distribution :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে ১৪৫২ জনকে শিক্ষক পদের নিয়োগপত্র প্রদান করেন। এরমধ্যে এস.টি.জি.টি উত্তীর্ণ রয়েছেন ৬৮৬ জন ও টেট-টু পরীক্ষায় উত্তীর্ণ ৭৬৬ জন। বিদ্যালয় শিক্ষাদপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার বর্তমান সময় পর্যন্ত ডাই ইন হারনেস সহ মোট ২৩ হাজার ৯৮৬ জনকে চাকুরী প্রদান করেছে। পাশাপাশি আউটসোর্সিং এর মাধ্যমে ২৬ হাজার জনকে চাকুরী প্রদান করা হয়েছে। তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতা, যোগ্যতা ও নিরপেক্ষতা বজায় রেখে

চাকুরী প্রদান করছে। উপস্থিত ছিলেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব ডঃ মিলিন্দ রামটেকে, এস.সি.ই.আর.টি-র অধিকর্তা এল ডার্লং, মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা ডঃ সমিত রায় চৌধুরী প্রমুখ।

Offer Letter Assistant Professor :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের মাতঙ্গিনী প্রীতিলতা হলে আয়োজিত এক অনুষ্ঠানে মোট ৭৪ জন নবনিযুক্ত সহকারী অধ্যাপকের হাতে নিয়োগপত্র এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ১০ জন নবনিযুক্ত যুব সংগঠকের হাতে নিয়োগপত্র তুলে দেন। এই অনুষ্ঠানে তিনি মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনার আওতায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৩০ জন এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১২২ জন সহ মোট ১৫২ জন মেধাবী ছাত্রীকে হেলমেট এবং স্কুটি প্রদান করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, পানিসাগর, আমবাসা, কাকড়াবন ও করবুকে সরকারি ডিগ্রি কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে। ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজিকে স্টেট টেকনিক্যাল ইউনিভার্সিটিতে রূপান্তরিত করার উদ্যোগ রাজ্যের প্রযুক্তিগত শিক্ষার ক্ষেত্রে নতুন সম্ভাবনা তৈরি করবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

এদিকে, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ সচিবালয়ে অর্থ দপ্তরের অধীন 'ট্রেজারি ও অ্যাকাউন্টস' বিভাগে ৬টি 'প্রোগ্রামার' পদে এবং ৩টি 'সিস্টেম অ্যানালিস্ট' পদে নবনিযুক্ত প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেন।

Power Minister :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ দক্ষিণ জেলার সাতচাঁদে ১৩২ কেভি বিদ্যুৎ উপকেন্দ্রের উদ্বোধন করেন। তিনি বলেন, এই উপকেন্দ্রের ক্ষমতা ৬৬ কেভি থেকে বাড়িয়ে ১৩২ কেভিতে উন্নীত করা হচ্ছে। এরফলে প্রায় ১৬ হাজার পরিবার উপকৃত হবে। সার্বক্ষণিক প্রায় ৬৬ কোটি ১৯ লক্ষ

টাকা ব্যয়ে বিদ্যুৎ পরিকাঠামো উন্নয়নের কাজ চলছে। এই প্রকল্পে ২১ হাজারেরও বেশি পরিবার উপকৃত হবে।

সার্কুম ও সাতচাঁদ এলাকায় বিদ্যুৎ বিল আদায়ের নিম্নহার নিয়ে বিদ্যুৎমন্ত্রী উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, সার্কুমে মোট ১৭ হাজার বিদ্যুৎ গ্রাহকের মধ্যে মাত্র ৫ হাজার ৮৮৬ গ্রাহক নিয়মিত বিল পরিশোধ করেন। বাকি ১১ হাজার ১৯৯ গ্রাহকের বিল বকেয়া রয়েছে। সাতচাঁদে মোট ১৪ হাজার ১৬৮ জন গ্রাহকের মধ্যে মাত্র ৪ হাজার ১০৩ জন বিদ্যুৎ বিল পরিশোধ করেন। ফলে সেখানেও ১০ হাজারেরও বেশি গ্রাহকের বিল বকেয়া রয়েছে।

Seba Ke Rang Rastra Ke Sang :

সেবা সংকল্প অভিযান-এর অঙ্গ হিসেবে আজ আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে 'সেবা কে রং, রাষ্ট্র কে সঙ্গ' শীর্ষক এক বিশেষ কর্মসূচির আয়োজন করা হয়। রঙ্গোলির রঙিন নকশার মাধ্যমে জাতীয় সংহতি, দেশপ্রেম, সামাজিক দায়বদ্ধতা এবং জনসেবার বার্তা ছড়িয়ে দেওয়াই ছিল এই কর্মসূচির মূল লক্ষ্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, 'জনসেবা হি রাষ্ট্র সেবা' এই ভাবনাকে সামনে রেখে রঙ্গোলির মাধ্যমে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প সাধারণ মানুষের সামনে তুলে ধরা হচ্ছে। রাজ্যের ৫৮টি ব্লকে পর্যায়ক্রমে এই কর্মসূচি আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে। আগামীকাল থেকে রাজ্যের প্রতিটি ব্লকেও এই কর্মসূচি পালন করা হবে।

সিপাহীজলা জেলার কসবেশ্বরী কালীমন্দির প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব।

কুমারঘাটের পাবিয়াছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস প্রমুখ।

বিলোনিয়া বি.কে.আই মাঠ সংলগ্ন জোলাইবাড়ি-বিলোনিয়া জাতীয় সড়কে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ।

All Party Meeting :

রাজ্যে ২১টি পুর ও নগর সংস্থায় আসন্ন নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা নির্বাচনের জন্য আজ আগরতলায় এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন রাজ্য নির্বাচন কমিশনার প্রদীপ চক্রবর্তী।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন – সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, দীর্ঘ বছরের সাংস্কৃতিক বিনিময় এবং জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমেই দেশের সভ্যতার যাত্রা পূর্ণরূপ লাভ করেছে। নয়াদিল্লিতে আয়োজিত 'বৃহত্তর ভারত: ভারত ও বিশ্বজুড়ে সাংস্কৃতিক সংযোগ' সম্মেলনে ভিডিও বার্তায় শ্রী মোদী বলেন, নালন্দার মতো শিক্ষাকেন্দ্রগুলো ভারত ও এশিয়ার অন্যান্য অংশের মধ্যে জ্ঞান বিনিময়ের সম্পর্ককে আরও শক্তিশালী করেছিল। তিনি উল্লেখ করেন, ভিক্ষু, পণ্ডিত, ব্যবসায়ী এবং পর্যটকরা স্থল ও সমুদ্রপথে সমগ্র বিশ্বে ভারতীয় চিন্তাভাবনা পৌঁছে দিয়েছেন।

সম্মেলনে কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেছেন, জ্ঞান এবং শিল্পের আদান-প্রদান সভ্যতাকে ভৌগোলিক সীমানা অতিক্রম করতে সাহায্য করেছে। শ্রী শেখাওয়াত জানান, এই সম্মেলনটি ইতিহাস চর্চার পাশাপাশি অতীতের জ্ঞান কীভাবে ভবিষ্যৎকে সঠিক রূপ দিতে পারে তা অন্বেষণ করার একটি মাধ্যম।

RAIL-BONUS :

শারদ উৎসব উপলক্ষ্যে ভারতীয় রেলের নন-গেজেটেড কর্মচারীদের জন্য ৭৮ দিনের বেতন সমতুল্য বোনাস প্রদানে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। সরকারের এই সিদ্ধান্তের ফলে প্রায় ১১ লক্ষ ৪০ হাজার ৭৭০ জন রেলকর্মী সরাসরি উপকৃত হবেন এবং এই ক্ষেত্রে মোট ব্যয় হবে আনুমানিক ২ হাজার ৯ কোটি টাকা।

Package Story-Mera Yuva Bharat-My Bharat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসেবার মাধ্যমে দেশসেবা-এই মন্ত্রকে পাথেয় করে জনজীবনে ২৫ বছর পূর্ণ করেছেন। জনসেবা ও সুশাসনের এই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার

লক্ষ্যে নিরন্তর কাজ করে চলেছে বর্তমান কেন্দ্রীয় সরকার। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন, বিশেষ করে যুবশক্তির ক্ষমতায়নের মাধ্যমে দেশের সার্বিক উন্নতির লক্ষ্যে মাই ভারত কর্মসূচি অন্যতম মাইল ফলক। আজকের বিশেষ ধারাবাহিকে তুলে ধরব, মেরা যুবা ভারত-মাই ভারত কর্মসূচি বাস্তবায়িত করার উদ্যোগ কতটা সক্রিয়।

#####VC#####

TET Exam :

ত্রিপুরা টিচার্স রিফ্রুটমেন্ট বোর্ড টেট পরীক্ষার জন্য আজ বিজ্ঞপ্তি জারি করেছে। টেট-ওয়ান পরীক্ষা ২০শে ডিসেম্বর ও টেট-টু পরীক্ষা আগামী বছরের তেসরা জানুয়ারী অনুষ্ঠিত হবে। বোর্ডের পরীক্ষা নিয়ামক ড. কার্তিক লাল ভৌমিক এখবর জানিয়েছেন।

U-19 Cricket :

গুয়াহাটিতে মেয়েদের অনূর্ধ্ব ১৯ টি-২০ ক্রিকেটে চতুর্থ ম্যাচে নাগাল্যান্ডকে ৭ উইকেটে হারিয়ে দেয় রাজ্যদল।

এদিকে, ভুবনেশ্বরে অনূর্ধ্ব ১৯ ভিনু মাঁকর ট্রফিতে ছেলেদের একদিনের সীমিত ওভারের ক্রিকেটে ত্রিপুরা চতুর্থ ম্যাচেও জয় পেয়েছে। কিট ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত এম্যাচে রাজ্যদল ১১৬ রানে মেঘালয়কে হারিয়ে দেয়।

C.K. Naidu Trophy :

কর্নেল সি কে নাইডু ট্রফিতে ত্রিপুরা ৩৯৩ রানের বিশাল ব্যবধানে আজ হরিয়ানার কাছে পরাজিত হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের খেলায় ৫৮৩ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে হরিয়ানার দেওয়া রানের

লক্ষ্যমাত্রার জবাবে খেলতে নেমে রাজ্যদল সবকটি উইকেট হারিয়ে ২০৬ রান করতে সক্ষম হয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সবকটি জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৮ ডিগ্রী সেলসিয়াস।
